

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২২৮৫

كتاب النكاح) अك. विवार व्यक्षां (كتاب النكاح)

পরিচ্ছেদঃ ৪৭. কোনো লোক কোনো এক মহিলাকে বিয়ে করার পর তার জন্য কোনো (মোহরানা) নির্ধারণ করার পূর্বেই মৃত্যু বরণ করলে

بَابِ الرَّجُلِ يَتَزَوَّجُ الْمَرْأَةَ فَيَمُوتُ قَبْلَ أَنْ يَفْرِضَ لَهَا

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ يُوسُفَ حَدَّثَنَا سُفْيَانُ عَنْ مَنْصُورٍ عَنْ إِبْرَاهِيمَ عَنْ عَلْقَمَةَ عَنْ عَبْدِ اللَّهِ فِي رَجُلٍ تَزَوَّجَ امْرَأَةً وَلَمْ يَكُنْ فَرَضَ لَهَا شَيْئًا وَلَمْ يَدْخُلْ بِهَا وَمَاتَ عَنْهَا قَالَ فِيهَا لَهَا صَدَاقُ نِسَائِهَا وَعَلَيْهَا الْعِدَّةُ وَلَهَا الْمِيرَاتُ قَالَ مَعْقِلُ الْأَشْجَعِيُّ قَضَى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي بِرْوَعَ بِنْتِ وَاشِقٍ امْرَأَةٍ مِنْ بَنِي رُوَاسٍ بِمِثْلِ مَا قَضَيْتَ قَالَ فَقَرِحَ بِذَلِكَ قَالَ مُحَمَّدٌ وَسُفْيَانُ نَأْخُذُ بِهَذَا

বাংলা

২২৮৫. 'আবদুল্লাহ্ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত। তাকে এক ব্যক্তি সম্পর্কে জিজ্ঞেস করা হলো যে, সে এক মহিলাকে বিবাহ করার পর তার সাথে সহবাস ও মাহর ধার্য করার পূর্বে মারা গেছে। রাবী বলেন, সেই ব্যাপারে 'আবদুল্লাহ্ রাদ্বিয়াল্লাহু আনহু বললেন, সেই মহিলা তার পরিবারের অন্যান্য নারীদের সমপরিমাণে মাহর পাবে, তাকে ইদ্দাতও পালন করতে হবে এবং সে মীরাসও পাবে। মাকিল আল-আশজাঈ বললেন, আমি রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সম্পর্কে সাক্ষ্য দিচ্ছি যে, তিনি বনী রুআস গোত্রের এক মহিলা বিরওয়া বিনতে ওয়াশিকের ক্ষেত্রেও আপনার ফায়সালার অনুরূপ ফয়সালা দিয়েছেন।[1]

তিনি বলেন, ফলে একথা শুনে তিনি আনন্দিত হলেন। আবূ মুহাম্মদ ও সূফিয়ান বলেন, আমরা এ মত গ্রহণ করেছি।

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ সহীহ।

তাখরীজ: আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি সহীহ ইবনু হিব্বান নং ৪০৯৮, ৪০৯৯, ৪১০০, ৪১০১ ও মাওয়ারিদুয



যামআন নং ১২৬৩, ১২৬৪, ১২৬৫ তে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্ন মাসউদ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন